

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ২২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০২ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৬-আইন/২০২০।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও পৌরসভা হইতে বহির্ভূত করিবার উদ্দেশ্যে পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এর বিধি ৭ এর উপ-বিধি (১) এর বিধান মোতাবেক সরকার, সোনারগাঁও পৌরসভার সীমানা সংকোচন সম্পর্কে উক্ত এলাকার পরিষদের নিকট হইতে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া একটি বিজ্ঞপ্তি জারির জন্য নারায়ণগঞ্জ জেলার জেলা প্রশাসককে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী নারায়ণগঞ্জ জেলার জেলা প্রশাসক উক্ত বিধিমালার বিধি ৭ এর উপ-বিধি (২) ও (৩) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(১৪০৩৯)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু সরকার উক্ত বিধিমালার বিধি ৮ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিল, যথা :—

তফসিল

ক্রমিক নম্বর	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে.এল. নম্বর	দাগ নম্বর
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	আমিনপুর	ছোট শীলমান্দি	২১১	১০৬-১৫৯, ১৬১
২।	আমিনপুর	মল্লিকের পাড়া	১৭৬	৬৬, ৬৭, ৭৪-৭৬

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারজানা মান্নান
উপসচিব।